তাম্বুল—পূর্ববৎ অর্চনা করিয়া—এতৎ তাম্বুলং ওঁ কাং শ্রীশ্রীকার্ত্তিকেয়ায় নমঃ। পুষ্পমাল্য—পূর্ববৎ অর্চনা করিয়া—এতৎ পুষ্পমাল্যং ওঁ কাং শ্রীশ্রীকার্ত্তিকেয়ায় নমঃ। অন্ন—পূর্ববৎ অর্চনা করিয়া—ইদমন্নং ওঁ কাং শ্রীশ্রীকার্ত্তিকেয়ায় নমঃ। অন্ন নিবেদন করিয়া ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ করিয়া পঞ্চগ্রাস মুদ্রা প্রদর্শন করতঃ আচমনীয় জল দিয়া মূলমন্ত্র (কাং) অন্নোপরি দশবার জপ করিবেন। পরে পুনরাচমনীয় জল পূর্ববৎ অর্চনা করিয়া—ইদং পুনরাচমনীয়ম ওঁ কাং শ্রীশ্রীকার্ত্তিকেয়ায় নমঃ। মন্ত্রে পুনরাচমনীয় নিবেদন করিয়া প্রার্থনা মন্ত্র পাঠ করিবেন। যথা—ওঁ কার্ত্তিকেয় মহাভাগ গৌরী হৃদয় নন্দন। পূজাং গৃহাণ দেবেশ বাঞ্ছিতার্থঞ্চ দেহি মে।। অনন্তর মূলমন্ত্র (ওঁ কাং) যথাশক্তি জপ পূর্বক জপ সমর্পণ করিয়া তৈজসাধার ভোজ্য, দ্বাদশদান, যথা—ভোজ্য, ছত্র, পাদুকা, শয্যা, আসন, ভল্লক চতুষ্টয় (ডালা ৪টি), লড্ডুক সহ মোদক (নাড়ুসহ মুড়কী) এবং ক্রীড়নক দ্রব্যাদি (খেলনা দ্রব্য) উৎসর্গ করিয়া প্রণাম করিবেন। যথা—ওঁ কার্ত্তিকেয় মহাভাগ দৈত্যদর্পনিসূদন। প্রণতোঽহং মহাবাহো নমস্তে শিখিবাহন।। রুদ্রপুত্র নমস্তভ্যং শক্তিহস্ত বরপ্রদ। ষান্মাতুর মহাভাগ তারকান্তকর প্রভো।। মহাতপস্বী ভগবান পিতুর্মাতুঃ প্রিয়ং সদা। দেবানাং যজ্ঞরক্ষার্থং জাতস্ত্বং গিরিশিখরে।। শৈলজাজায় ভবতে তুভ্যং নিত্যং নমো নমঃ।। অনন্তর "ওঁ ত্রিশূলায় নমঃ" মন্ত্রে ত্রিশূলের পূজাপূর্বক—ওঁ শক্তিস্ত্বং সমরে নিত্যং দৈত্যানাং প্রাণনাশকঃ। রক্ষ মাং বন্ধুভিঃ সার্দ্ধং নস্যস্ত্বাশু মমারয়ঃ।। মন্ত্রে প্রণাম করতঃ—ওঁ লৌহ খড়্গায় নমঃ। মন্ত্রে খড়্গের, ওঁ ধনুষে নমঃ। মন্ত্রে ধনুকের এবং "তীক্ষ্ণবাণায় নমঃ" মন্ত্রে বাণের পূজা করিবেন। এবার—ওঁ ময়ূরায়

নমঃ। মন্ত্রে ময়ূরের পূজাপূর্বক প্রণাম করিবেন। যথা—ওঁ নমস্তে পতগশ্রেষ্ঠ সর্পান্তক নমোঽস্তুতে। খগরাজ নমস্তুভ্যং ময়ূর শিখিনামক। অতঃপর—ওঁ সর্পায় নমঃ। মন্ত্রে সর্পের পূজা করিয়া প্রণাম করিবেন। যথা—ওঁ খগাস্যগ্রস্তং ভুজগং নমামি, মহাখলং ত্বাং পরিণামদুর্বহম্। রুদ্রোরপতং গরলং ত্যজন্তং নমামি সর্পং খগবক্ত্র মধ্যে। এইরূপে প্রণাম পূর্বক আবরণ দেবতাগণের পূজা করিবেন। **আবরণ দেবতার পূজা**—যথা—ওঁ পার্বত্যৈ নমঃ, ওঁ অগ্নয়ে নমঃ। এইক্রমে সর্বত্র পাদ্যাদিযোগে পূজা করিবেন। ওঁ সমুদ্রায় নমঃ, ওঁ ষষ্ঠ্যৈ নমঃ, ওঁ শরবনেভ্যো নমঃ, ওঁ কৃত্তিকাগণেভ্যো নমঃ, ওঁ বাসুদেবায় নমঃ, ওঁ শিবায় নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ সূর্যায় নমঃ, ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ গৌর্য্যৈ নমঃ, ওঁ লক্ষ্ম্যৈ নমঃ, ওঁ সরস্বত্যৈ নমঃ, ওঁ গঙ্গায়ৈ নমঃ, ওঁ কৌমার্য্যৈ নমঃ, ওঁ লোকপালেভ্যো নমঃ, ওঁ নবগ্রহেভ্যো নমঃ। এই প্রকারে প্রহরচতুষ্টয়ে পূজা কর্তব্য। অতঃপর স্ববেদোক্ত প্রথাক্রমে বহ্নিস্থাপন করতঃ সমুদ্ভব নামক অগ্নির আবাহন করিয়া হোমাদি ক্রিয়া সম্পাদন করিবেন। পরে দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যসমাধান করিয়া ব্রতকথা শ্রবণ করিবেন।

হোম (সামবেদীয়)—চতুর্হস্ত পরিমিত সমচতুষ্কোণ কেশতুষাঙ্গারবর্জিত গোময়াদিলিপ্তস্থলে বালুকা ব্যাপ্ত করিয়া কুশাসনে পূর্বমুখে উপবেশন করিবেন। তিলকাদি দ্বারা ললাট শোভিত করিবেন। অনন্তর দক্ষিণজানু পাতিত করিয়া উত্তরদিকে অভ্যুক্ষণার্থ কুশকুসুমসহিত জলপাত্র স্থাপন করিবেন। কোশার পশ্চিমে উত্তরাগ্র করিয়া কয়েকগাছি কুশ পাতিয়া বহ্নিস্থাপন পর্য্যন্ত ঐ কুশের প্রাদেশপরিমিত একটি কুশ

বামহস্তে লইয়া ঐ হস্ত চিৎভাবে রাখিবেন। পরে দক্ষিণহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠ দ্বারা গৃহীত কুশমূলে রেখাকরণে অগ্রে পাতিত বালুকার উপরি দ্বাদশাঙ্গুলি প্রমাণ কুশ নৈঋতকোণ হইতে পূর্বমুখ করিয়া পাতিত করিবেন। পরে একবিংশতি অঙ্গুলি প্রমাণ অপর একটি কুশ উত্তরাস্য করিয়া স্থাপন করিবেন। পরে সপ্ত অঙ্গুলি প্রমাণ আর একটি কুশ দ্বিতীয় রেখার চারি অঙ্গুলি ঊর্ধ্বে প্রথম কুশের সংলগ্ন করতঃ উত্তরাস্য করিয়া রাখিবেন ও উহার উত্তরসীমা হইতে পূর্বমুখ করিয়া একটি প্রাদেশ পরিমিত কুশ রাখিবেন। ঐ কুশের উত্তর হইতে পূর্বমুখ করিয়া আর একটি প্রাদেশ পরিমিত কুশ রাখিয়া দিবেন। এই প্রকারে সজ্জিত করিলে রেখাকরণের কালে সেই সেই কুশের মাত্র মন্ত্রপাঠ সহকারে রেখা টানিলেই কার্য সহজ হইবে। কেহ কেহ স্থণ্ডিল নির্মাণপূর্বক কুশ দ্বারা এককালেই রেখা টানিয়া থাকেন। পরে মন্ত্রপাঠ করিয়া স্পষ্টীকৃত করেন। রেখাকরণ মন্ত্র, যথা—দ্বাদশাঙ্গুলি পূর্বমুখী রেখা—ওঁ রেখেয়ং পৃথ্বির্দেবতাকা পীতবর্ণা।। ১।। তন্মূল হইতে একবিংশতি অঙ্গুলি পরিমিত উত্তরমুখী রেখা—ওঁ রেখেয়ং অগ্নির্দেবতাকা লোহিতবর্ণা।। ২।। প্রথম রেখা হইতে সপ্তাঙ্গুলি অন্তরিত প্রাদেশ পরিমিত পূর্বাভিমুখী রেখা—ওঁ রেখেয়ং প্রজাপতির্দেবতাকা কৃষ্ণবর্ণা।। ৩।। পুনর্বার অন্য সপ্তাঙ্গুলি অন্তরিত প্রাদেশ পরিমিত পূর্বাভিমুখী রেখা—ওঁ রেখেয়মিন্দ্রর্দেবতাকা নীলবর্ণা।। ৪।। উহা হইতে সপ্তাঙ্গুলি অন্তরিত প্রাদেশ পরিমিত পূর্বাভিমুখী রেখা—ওঁ রেখেয়ং সোমদেবতাকা শুক্লবর্ণা।। ৫।। তৎপরে ঐ পাঁচটি রেখার মূলদেশ হইতে অঙ্গুষ্ঠ ও অনামিকা যোগে কিঞ্চিৎ উৎকর (বালুকাকণা) গ্রহণপূর্বক প্রজাপতির্ঋষিরগ্নির্দেবতা উৎকরনিরসনে

বিনিয়োগঃ। ওঁ নিরস্তঃ পরাবসু। মন্ত্রে অরত্নি পরিমিত (কনুই হইতে কনিষ্ঠার অগ্রভাগ পর্যন্ত) দূরস্থানে ঈশানকোণে নিক্ষেপ করিবেন। নিকটে স্থাপিত অগ্নি হইতে অগ্নি গ্রহণ করিয়া মন্ত্রপাঠ করিবেন। যথা—প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দোঽগ্নির্দেবতা অগ্নিসংস্কারে বিনিয়োগঃ। ওঁ ক্রব্যাদমগ্নিং প্রহিণোমি দূরং যমরাজ্যং গচ্ছতু রিপ্রবাহঃ।। মন্ত্রপাঠ করিয়া গৃহীত অগ্নি হইতে কিয়দংশ নৈর্ঋতকোণে পরিত্যাগ করিয়া অবশিষ্ট অগ্নি মন্ত্রপাঠ সহকারে স্থণ্ডিলের উপর বামাবর্তে তৃতীয় রেখার উপর আত্মাভিমুখ করিয়া রাখিবেন। যথা—প্রজাপতির্ঋষিবৃহতীচ্ছন্দো প্রজাপতির্দেবতাকা অগ্নিস্থাপনে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বরোম্।। তৎপরে পূর্বস্থাপিত বামকর তুলিয়া করযোড়ে মন্ত্রপাঠ করিবেন। যথা—ওঁ ইহৈবায়মিতরো জাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্।। ওঁ সর্বতঃ পাণিপাদান্তঃ সর্বতোঽক্ষিশিরোমুখঃ। বিশ্বরূপো মহানগ্নি প্রণীতঃ সর্বকর্মসু। পরে অগ্নে ত্বং সমুদ্ভবনামাসি। মন্ত্রে অগ্নির নামকরণ করিয়া—ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রুকেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চি শক্তিধারকঃ। ধ্যান পাঠ করিয়া— ওঁ সমুদ্ভবনামাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি ইহসন্নিরুধ্যস্ব, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ। মন্ত্রে আবাহন করিয়া—এষ গন্ধঃ ওঁ সমুদ্ভবনামাগ্নয়ে নমঃ, এতৎ পুষ্পম্ ওঁ সমুদ্ভবনামাগ্নয়ে নমঃ, এষ ধূপঃ ওঁ সমুদ্ভবনামাগ্নয়ে নমঃ, এষ দীপঃ ওঁ সমুদ্ভবনামাগ্নয়ে নমঃ, এতৎ হবির্নৈবেদ্যম্ ওঁ সমুদ্ভবনামাগ্নয়ে নমঃ। মন্ত্রে পূজা করিবেন। অতঃপর প্রাদেশপরিমিত ঘৃতাক্ত সমিধ আহুতি দিয়া ব্রহ্মাস্থাপন করিবেন। পূর্বস্থাপিত জলপাত্র হইতে দক্ষিণে অর্থাৎ অগ্নিকোণে স্থণ্ডিল হইতে অরত্নি পরিমিত দূরে জলধারা দিয়া

কয়েকগাছি সাগ্রকুশ আস্তৃত করিয়া ব্রহ্মার আসন করিবেন। যজমান কর্তৃক বৃত ব্রাহ্মণ যদি ব্রহ্মা হয়েন, তবে আসনের পূর্বপার্শ্বে পশ্চিমাস্যে দাঁড়াইয়া বামকরের অনামিকা ও অঙ্গুষ্ঠ দ্বারা আস্তৃত আসন হইতে একটি কুশ লইয়া মন্ত্র পাঠ করিবেন। যদি উপরোক্ত বৃত ব্রাহ্মণ ব্রহ্মারূপে বৃত না হয়েন তবে তৎপরিবর্তে নারায়ণ শিলাকেই ব্রহ্মারূপে কল্পনা করিয়া লইবেন এবং হোতা মন্ত্রপাঠ করিবেন। যথা—প্রজাপতির্ঋষিরগ্নির্দেবতা তৃণনিরসনে বিনিয়োগঃ। ওঁ নিরস্তঃ পরাবসুঃ।। মন্ত্রপাঠ করিয়া কুশটি দক্ষিণ পশ্চিম কোণে ফেলিয়া দক্ষিণহস্তে জলস্পর্শ করতঃ বামপদের উপর দক্ষিণপদ রাখিয়া উত্তরমুখে পূর্বরক্ষিত আসন জলদ্বারা অভ্যুক্ষণ করিয়া মন্ত্রপাঠ করিবেন। যথা—প্রজাপতির্ঋষিরগ্নির্দেবতা ব্রহ্মোপবেশনে বিনিয়োগঃ। ওঁ আবসোঃ সদনে সীদ। প্রতিবচন—ওঁ সীদামি।। তৎপরে উত্তরাস্যে ব্রহ্মাস্থাপনপূর্বক হোতা কতিপয় কুশ বিনা মন্ত্রে ব্রাহ্মণকে দিয়া জলদ্বারা অভ্যুক্ষণ করিবেন এবং এতৎ কুশপত্রম্ ওঁ ব্রহ্মণে নমঃ। মন্ত্রে কুশ ও কুসুমদ্বারা পূজা করিবেন। অনন্তর হোতা পূর্বাস্যে উপবেশন করিয়া অযজ্ঞীয় ভাষাদি কথনের নিমিত্ত প্রায়শ্চিত্তরূপ মন্ত্রপাঠ করিবেন। ব্রহ্মা যদি বৃত ব্রাহ্মণ হয়েন, তিনিও মন্ত্রপাঠ করিবেন। যথা—প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দো বিষ্ণুর্দেবতা অযজ্ঞীয়বাগ্‌বচননিমিত্তজপে বিনিয়োগঃ। ওঁ ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদম্। সমূঢ়মস্য পাংশুলে।। অনন্তর পাতিত দক্ষিণজানু হইয়া অধোমুখে দক্ষিণহস্তের উপরে বামহস্ত বিপরীতভাবে আত্মাভিমুখ করিয়া মাটিতে রাখিয়া ভূমিজপ মন্ত্রপাঠ করিবেন। যথা—পরমেষ্ঠির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ অগ্নির্দেবতা ভূমিজপে বিনিয়োগঃ। ওঁ ইদং ভূমের্ভজামহমিদং ভদ্রং সুমঙ্গলম্।

পরাসপত্নান্ বাধস্বান্যেষাং বিন্দতে ধনম্ (রাত্রে) বসু। অনন্তর দক্ষিণহস্তে কতিপয় কুশ লইয়া অগ্নির উত্তরদিক হইতে দক্ষিণদিক পর্যন্ত দক্ষিণাবর্তে মন্ত্র পাঠ সহকারে তৃণাদিমার্জন ও শোধন করিবেন। যথা—কৌৎসর্ঋষির্জগতীচ্ছন্দঃ অগ্নির্দেবতা পৃষ্ঠস্য ষড়হস্য ষষ্ঠেহহনি অগ্নিমারুতে অস্ত্রে পরিসমূহনে বিনিয়োগঃ। ওঁ ইমং স্তোমমর্হতে জাতবেদসে রথমিব সম্মহেমা মণীষয়া। ভদ্রা হি নঃ প্রমতিরস্যসংসদ্যগ্নে সখ্যে মা রিষামা বয়ন্তবঃ।। ওঁ ভরামেধ্মং কৃণবামা হবীংষি তে চিতয়ন্তঃ পর্বণা পর্বণা বয়ম্। জীবাতবে প্রতরাং সাধয়াধিয়োহগ্নে সখ্যে মারিষামা বয়ন্তব"। ওঁ শকেমত্বা সমিধং সাধয়া ধিয়স্তে দেবা হবিরদন্ত্যা হুতম্। ত্বমাদিত্যা আবহতান্ হ্যুষ্মস্যগ্নে সখ্যে মারিষামা বয়ং তব।। অনন্তর সম্মার্জনী কুশসমূহ ঈশানকোণে ফেলিয়া ছিন্নমূল সমানাগ্র কুশ গ্রহণ করিয়া অগ্নির পূর্বোত্তর দিকে তিনটি পূর্বাগ্র কুশ স্থাপন ও তাহার নিম্নে আবার ঐরূপ কুশ পূর্বমুখ করতঃ রাখিয়া উপরিস্থ কুশের মূলদেশ আবরণ করিবেন এবং পুনরায় আর একটি কুশদ্বারা ঐরূপে উপরিস্থিত কুশের মূলদেশ আবরিত করিয়া দিবেন। অনন্তর অগ্নিকোণের নিম্নভাগ যাবৎ পূর্বে যেরূপ দেওয়া হইয়াছিল সেইরূপে পূর্বমুখী করিয়া পঞ্চদশ সংখ্যক কুশ প্রদান করিবন। পরে নৈঋর্তকোণের ঈষৎ উত্তরে ঊর্ধ্ব হইতে নিম্নক্রমে তিনগাছা কুশ রাখিবেন। অনন্তর অগ্নির উত্তর দিকে ঈশানকোণস্থ কুশের মূল আবরণপূর্বক অধঃক্রমে বায়ুকোণ যাবৎ দ্বাদশটি কুশ সাজাইয়া দিবেন। পরে পূর্বাদি দিক্‌ক্রমে দশদিকে আতপতণ্ডুল প্রক্ষেপ করিবেন। যথা—ওঁ ইন্দ্রায় স্বাহা, ওঁ অগ্নয়ে স্বাহা, ওঁ যমায় স্বাহা, ওঁ নৈঋর্তায় স্বাহা, ওঁ বায়বে স্বাহা, ওঁ বরুণায় স্বাহা, ওঁ কুবেরায় স্বাহা,

ওঁ ঈশানায় স্বাহা, ওঁ অনন্তায় স্বাহা, ওঁ ব্রহ্মণে স্বাহা।। অতঃপর খদির, পলাশ ও যজ্ঞডুম্বুর উহাদের কোন একটি কাষ্ঠের প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত সমিধ ২৭টি গ্রহণ করিয়া প্রজাপতি দেবতাকে মনে মনে চিন্তা করিয়া হোতা কিঞ্চিৎ উত্থিত হইয়া অমন্ত্রক অগ্নিতে আহুতি দিবেন। অতঃপর আস্তৃত কুশ হইতে দুইগাছি সাগ্রকুশ লইয়া তাহা অপর একটি কুশদ্বারা পবিত্র বন্ধন করিয়া প্রাদেশপরিমিত রাখিয়া মন্ত্রপাঠ সহকারে নখব্যতীত ছেদন করিবেন। যথা—প্রজাপতির্ঋষিঃ পবিত্রদেবতে পবিত্রছেদনে বিনিয়োগঃ। ওঁ পবিত্রে স্থো বৈষ্ণবৌ।। যথা—প্রজাপতির্ঋষিঃ পবিত্রদেবতে পবিত্রমার্জনে বিনিয়োগঃ। ওঁ বিষ্ণোর্মনসা পূতে স্থঃ।। অনন্তর ঐ পবিত্র বামহস্তের অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা ধারণ করিয়া মন্ত্রপাঠ সহকারে জলদ্বারা অভ্যুক্ষণ করতঃ ঘৃতের পাত্রে উত্তরাগ্র করিয়া রাখিবেন। অতঃপর সেই ঘৃতপাত্রে হোমার্থ ঘৃত স্থাপন করত, পাত্রের উপর দক্ষিণকর অধোমুখ করিয়া, বামকর দক্ষিণকরের নিম্নে দিয়া অধোমুখভাবে পবিত্রের অগ্রদেশ দক্ষিণকরের অনামিকা ও অঙ্গুষ্ঠ দ্বারা ধরিবেন এবং পশ্চাদ্ভাগ বামকরের অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা ধারণ করিয়া মন্ত্রপাঠ করিবেন। যথা—প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দ আজ্যং দেবতা আজ্যোৎপবনে বিনিয়োগঃ। ওঁ দেবস্ত্বা সবিতোৎপুনাত্বচ্ছিদ্রেণ পবিত্রেণ। বসোঃ সূর্যস্য রশ্মিভিঃ স্বাহা।। পরে পবিত্রের মধ্যভাগ দ্বারা ঘৃত আলোড়নপূর্বক ঐরূপভাবে পবিত্রদ্বারা ঘৃত বহ্নিতে অমন্ত্রক আহুতি দিবেন। তৎপরে পবিত্রগাছিটি বামহস্তে গ্রহণ করিয়া জলের ছিটা দিবেন এবং অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিবেন। অনন্তর ঘৃতপাত্রের তলদেশ জলদ্বারা মার্জনা করিয়া আজ্য সংস্কার করিবেন। স্রুক, স্রুব প্রভৃতি ঐভাবে সংস্কার

করিবেন। অতঃপর পাতিত দক্ষিণজানু হইয়া বামজানু উন্নত করতঃ বহ্নির চতুর্দিকক্রমে উদকাঞ্জলিসেক করিবেন। অগ্রে অগ্নির দক্ষিণভাগে নৈঋতকোণ হইতে অগ্নিকোণ যাবৎ গৃহীত জলাঞ্জলি লইয়া মন্ত্র পাঠ করিবেন এবং জলধারা দিবেন। যথা—প্রজাপতির্ঋষিরদিতির্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ অদিতে অনুমন্যস্ব। পুনর্বার ঐরূপ জলাঞ্জলি লইয়া নিম্নোক্ত মন্ত্রে অগ্নির পশ্চিমে নৈঋতকোণ হইতে বায়ুকোণ যাবৎ জলধারা দিবেন। যথা—প্রজাপতির্ঋষিরনুমতির্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ অনুমতে অনুমন্যস্ব।। পুনর্বার জলাঞ্জলি লইয়া মন্ত্রপাঠ করিয়া অগ্নির বায়ুকোণ হইতে ঈশানকোণ যাবৎ জলধারা দিবেন। যথা—প্রজাপতির্ঋষিঃ সরস্বতীর্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ সরস্বত্যনুমন্যস্ব।। পুনর্ব্বার জলাঞ্জলি লইয়া মন্ত্রপাঠ করিয়া দক্ষিণাবর্তে জলধারায় অগ্নিকে বেষ্টন করিবেন। যথা—প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দঃ সবিতাদেবতা অগ্নিপর্যুক্ষণে বিনিয়োগঃ। ওঁ দেব সবিতঃ প্রসুব যজ্ঞং প্রসুব যজ্ঞপতিং ভগায় দিব্যো গন্ধর্বঃ কেতপুঃ কেতন্নঃ পুনাতু বাচস্পতির্বাচন্ন স্বদতু।। অতঃপর দক্ষিণজানু উত্তোলন করিয়া করযোড়ে পাঠ্য—ওঁ তপশ্চ তেজশ্চ শ্রদ্ধা চ হ্রীশ্চ সত্যঞ্চাক্রোধশ্চ ত্যাগশ্চ ধৃতিশ্চ ধর্মশ্চ সত্যঞ্চ বাক্ চ মনশ্চ আত্মা চ ব্রহ্ম চ তানি প্রপদ্যে চ তানি মামবন্তু।। অনন্তর দক্ষিণজানু উত্তোলন করিয়া উপরে দক্ষিণহস্ত এবং নিম্নে বামহস্ত রাখিয়া, ফল পুষ্প ও কুশ মুষ্টিবদ্ধ করিয়া বিরূপাক্ষ জপ করিবেন। যথা—পরমেষ্ঠীর্ঋষিঃ রুদ্ররূপোঽগ্নির্দেবতা বিরূপাক্ষজপে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃস্বরোঁ মহান্তমাত্মানং প্রপদ্যে, বিরূপাক্ষোঽসি দন্তাঞ্জিস্তস্য তে শয্যাপর্ণে গৃহান্তরিক্ষে বিমিতং হিরণ্যয়ং তদ্দেবানাং

হৃদয়ান্যয়স্ময়ে কুম্ভেহন্তঃ সন্নিহিতানি তানি। বলভৃচ্চ বলসাচ্চ রক্ষতোঽপ্রমণী অনিমিষতঃ সত্যং যত্তে দ্বাদশ পুত্রাস্তে ত্বা সংবৎসরে কামপ্রেণ যজ্ঞেন যাজয়িত্বা, পুনর্ব্রহ্মচর্য মুপয়ন্তি। ত্বং দেবেষু ব্রাহ্মণোঽস্যহং মনুষ্যেষু ব্রাহ্মণো বৈ ব্রাহ্মণ মুপধাবত্যুপত্ত্বাধাবামি, জপন্তং মা মা প্রতিজাপ্রীর্জুহ্বন্তং মা মা প্রতিহৌষীঃ, কুর্বন্তং মা মা প্রতিকার্ষীস্তাং প্রপদ্যে। ত্বয়া প্রসূত ইদং কর্ম করিষ্যামি। তন্মে রাধ্যতাং তন্মে সমৃদ্ধ্যতাং তন্মে উপপদ্যতাম্। সমুদ্রো মা বিশ্বব্যচা ব্রহ্মানুজানাতু তুথো মা বিশ্ববেদা ব্রাহ্মণঃ পুত্রোঽনুজানাতু শ্বাত্রো মা প্রচেতা মৈত্রাবরুণোঽনুজানাতু। তস্মৈ বিরূপাক্ষায় দন্তাঞ্জয়ে সমুদ্রায় বিশ্বব্যচসে, তুথায় বিশ্ববেদসে, শ্বাত্রায় প্রচেতসে, সহস্রাক্ষায় ব্রহ্মণঃ পুত্রায় নমঃ।। অনন্তর গৃহীত কুশ ঈশানকোণে ফেলিয়া ফল ও পুষ্প ব্রহ্মাকে নিবেদন করিয়া প্রকৃতকর্ম করিবেন।

প্রকৃতকর্ম—প্রথমে সঙ্কল্প করিবেন। যথা—বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য কার্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ বিষ্ণুপদীসংক্রান্ত্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা (অমুকগোত্রাঃ শ্রীঅমুকীদেব্যা বা দাস্যা) সঙ্কল্পিত শ্রীশ্রীকার্ত্তিকেয়পূজাকর্মাঙ্গীভূতহোমকর্মণি। ওঁ কাং শ্রীশ্রীকার্ত্তিকেয়ায় স্বাহা ইতি মন্ত্রেণ প্রত্যেকেন পঠিতেন ইয়ৎসংখ্যক (সংখ্যা উল্লেখ্য) সাজ্যবিল্বপত্রৈর্হোমমহং করিষ্যে (পরার্থে—করিষ্যামি)।। অনন্তর অগ্নির পশ্চিমে তিল মিশ্রিত ঘৃতপাত্র উত্তরাগ্র কুশোপরি স্থাপন করিয়া একটি **প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ অমন্ত্রক** অগ্নিতে আহুতি দিয়া **মহাব্যাহৃতিহোম** করিবেন।

মহাব্যাহৃতিহোম—যথা—প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ অগ্নির্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা।। প্রজাপতির্ঋষিরুষ্ণিকচ্ছন্দঃ বায়ুর্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা।। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্যোদেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা।। হোমের পর হুতশেষ (হাতঝাড়া) পাত্রান্তরে রাখিবেন। পরে সঙ্কল্পিত বিল্বপত্রের অর্চনা করিবেন। যথা—বং এতাভ্যঃ সাজ্যবিল্বপত্রেভ্যো নমঃ, ৩ বার। এতদধিপতয়ে দেবায় ওঁ ব্রহ্মাবিষ্ণুশিবায় নমঃ। সম্প্রদানায় ওঁ কাং শ্রীশ্রীকার্ত্তিকেয়ায় নমঃ।। অতঃপর—ওঁ কাং শ্রীশ্রীকার্ত্তিকেয়ায় স্বাহা। মন্ত্রে এক একটি বিল্বপত্র ঘৃতাক্ত করিয়া হোম করিবেন। পরে পুনরায় মহাব্যাহৃতিহোম করতঃ একটি ঘৃতাক্ত প্রাদেশ পরিমাণ অমন্ত্রক কুশ অগ্নিতে আহুতি দিয়া উদীচ্যকর্ম করিবেন।

উদীচ্যকর্ম—প্রথমে প্রায়শ্চিত্তহোমের সঙ্কল্প করিবেন। যথা—বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকমাসি অমুকেপক্ষে অমুকতিথৌ বিষ্ণুপদীসংক্রান্ত্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা (অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকীদেব্যাঃ) সঙ্কল্পিত শ্রীশ্রীকার্ত্তিকেয় পূজাঙ্গীভূত হোমকর্মণি যৎকিঞ্চিৎবৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ব্যস্তসমস্তমহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্ত হোমমহং করিষ্যে।। অতঃপর "বিধু" নামক অগ্নির নামকরণ ও আবাহনাদি করিবেন। যথা—ওঁ অগ্নে ত্বং বিধুনামাসি মন্ত্রে অগ্নির নামকরণ করিয়া ধ্যান করিবেন। যথা—ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রুকেশাক্ষঃ পীণাঙ্গজঠরোঽরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নি সপ্তার্চিঃ শক্তিধারকঃ।। অতঃপর—ওঁ বিধুনামাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি ইহসন্নিরুধ্যস্ব, অত্রাধিষ্ঠানং

কুরু, মম পূজাং গৃহাণ। মন্ত্রে আবাহন করিয়া—এষ গন্ধঃ ওঁ বিধুনামাগ্নয়ে নমঃ, এতৎ পুষ্পম্ ওঁ বিধুনামাগ্নয়ে নমঃ, এষ ধূপঃ ওঁ বিধুনামাগ্নয়ে নমঃ, এষ দীপঃ ওঁ বিধুনামাগ্নয়ে নমঃ, এতৎ হবির্নৈবেদ্যম্ ওঁ বিধুনামাগ্নয়ে নমঃ। মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া একটি প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত সমিধ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিবেন। অনন্তর মহাব্যাহৃতি হোম (পৃঃ ৪৪) করিয়া ব্যস্তসমস্তমহাব্যাহৃতি হোম করিবেন। যথা—প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ অগ্নির্দেবতা ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরুষ্ণিক্‌চ্ছন্দো বায়ুর্দেবতা ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা।। প্রজাপতির্ঋষিচ্ছন্দো সূর্যোদেবতা ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা।। প্রজাপতির্ঋষির্বৃহতীচ্ছন্দঃ প্রজাপতির্দেবতা ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা।। পরে পুনরায় মহাব্যাহৃতিহোম করিয়া একটি ঘৃতাক্ত প্রাদেশপ্রমাণ কুশ অগ্নিতে দিয়া নবগ্রহহোম করিবেন।

নবগ্রহ হোম—রবিগ্রহ—ওঁ আকৃষ্ণেন রজসা বর্তমানো, নিবেশয়ন্নমৃতং মর্ত্যঞ্চ। হিরণ্যয়েন সবিতা রথেনা দেবো যাতি ভুবনানি পশ্যন্ স্বাহা।। ২।। **সোমগ্রহ**—ওঁ আপ্যায়স্ব সমেতু তে, বিশ্বতঃ সোমবৃষ্ণ্যম্। ভবাবাজস্য সঙ্গথে স্বাহা।। ২।। **মঙ্গলগ্রহ**—ওঁ অগ্নিমূর্দ্ধা দিবঃ ককুৎপতিঃ পৃথিব্যা অয়ম্। অপাং রেতাংসি জিন্বতি স্বাহা।। ৩।। **বুধগ্রহ**—ওঁ অগ্নে বিবস্বদুষসশ্চিত্রং রাধো অমর্ত্য আদাশুষে জাতবেদো বহাত্বমদ্যা দেবাঁ উষর্বুধঃ স্বাহা।। ৪।। **বৃহস্পতিগ্রহ**—ওঁ বৃহস্পতে পরিদীয়া রথেন রক্ষোহামিত্রাঁ অপবাধমানঃ। প্রভঞ্জনৎ সেনাঃ প্রমৃণো যুধা জয়ন্নস্মাকমেধ্যবিতা রথানাং স্বাহা।।

৫।। **শুক্রগ্রহ**—ওঁ শুক্রন্তেহন্যদ্ যজবন্তহন্যন্ বিশ্বরূপে অহনী দৌরিবাসি। বিশ্বা হি মায়া অবসি স্বধাবন্ ভদ্রা তে পূষন্নিহরাতিরস্ত্ব স্বাহা।। ৬।। **শনিগ্রহ**—ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে। শংযোরভিস্রবন্তু নঃ স্বাহা।। ৭।। **রাহুগ্রহ**—ওঁ কয়ানশ্চিত্র আভুব দূতী সদা বৃধঃ সখা কয়া শচিষ্ঠয়া বৃতা স্বাহা।। ৮।। **কেতুগ্রহ**—ওঁ কেতুং কৃন্বন্নকেতবে পেশোমর্যা অপেশসে। সমুসদ্ভিরজায়থা স্বাহা।। ৯।। পরে দিকপালহোম করিবেন।

দিকপালহোম—ইন্দ্র—ওঁ ত্রাতারমিন্দ্রমবিতারমিন্দ্রং হবে হবে সুহবং শূরমিন্দ্রম্। হবে নু শক্রপূরুহূতমিন্দ্রং হবির্মঘবা বেত্বিন্দ্রঃ স্বাহা।। ১।। **অগ্নি**—ওঁ অগ্নিং দূতং বৃণীমহে হোতারং বিশ্ববেদসম্। অস্য যজ্ঞস্য সুক্রতুং স্বাহা।। ২।। **যম**—ওঁ নাকে সুপর্ণমুপ যৎ পতন্তং হৃদা বেনন্তোহভ্যচক্ষত ত্বা। হিরণ্যপক্ষঃ বরুণস্য দূতং যমস্য যোনৌ শকুনং ভুরণং স্বাহা।। ৩।। **নৈঋত**—ওঁ বেথাহি নির্ঋতীনাং বজ্রহস্ত পরিবৃজম্। অহরহং শুন্ধ্যুঃ পরিদদামিব স্বাহা।। ৪।। **বরুণ**—ওঁ আ নো মিত্রাবরুণা ঘৃতৈর্গব্যুতি মুক্ষতম্। মধ্বা রজাংসি সুক্রতু স্বাহা।। ৫।। **বায়ু**—ওঁ বাত আবাতু ভেষজং শম্ভু ময়োভু নো হৃদে। প্র ণ আয়ুংসি তারিষৎ স্বাহা।। ৬।। **কুবের**—ওঁ ক্বেয়ৎ ক্বেদসি পুরুত্রাচিদ্ধিতে মনঃ। অলর্ষিযুধ খজকৃৎ পুরন্দর, প্রগায়ত্রা অগাসিষুঃ স্বাহা।। ৭।। **ঈশান**—ওঁ অভিত্বা সুর নোনুমো অদুগ্ধা ইব ধেনবঃ। ঈশানমস্য জগতঃ স্বর্দৃশমীশানমিন্দ্র তমিশানমিন্দ্র স্বাহা।। ৮।। **ব্রহ্মা**—ওঁ ব্রহ্মা জজ্ঞানং প্রথমং পুরস্তাদ্ বি সমিতঃ সুরুচো বেন আবঃ। সবুধ্না উপমা অস্য বিষ্ঠাঃ সতশ্চঃ যোনিমসতশ্চবিবঃ স্বাহা।। ৯।। **অনন্ত**—ওঁ চর্ষণীধৃতং মঘবান মুক্‌থ্যমিন্দ্রং গিরো বৃহতীরভ্যনুষত। বাবৃধান পুরুহূতং সুবৃক্তিভিরমর্ত্তং জরমাণং দিবে দিবে স্বাহা।। ১০।। অতঃপর প্রত্যক্ষদেবতাগণের হোম করিবেন।

প্রত্যক্ষদেবতার হোম—ওঁ ত্রিশূলায় স্বাহা, ওঁ ময়ূরায় স্বাহা, ওঁ লৌহখড়্গায় স্বাহা, ওঁ ধনুষে স্বাহা, ওঁ সর্পায় স্বাহা, ওঁ গ্রাম্যদেবতাভ্যঃ স্বাহা, ওঁ নারায়ণায় স্বাহা, ওঁ শিবায় স্বাহা, ওঁ গাং গঙ্গায়ৈ স্বাহা, ওঁ যাং যমুনায়ৈ স্বাহা, ওঁ কৃত্তিকাগণেভ্যঃ স্বাহা, ওঁ অগ্নয়ে স্বাহা, ওঁ সমুদ্রায় স্বাহা, ওঁ ব্রহ্মণে স্বাহা, ওঁ সূর্যায় স্বাহা, ওঁ গৌর্যৈ স্বাহা।।

অতঃপর মহাব্যাহৃতি হোম করতঃ (পৃঃ ৪৪) একটি ঘৃতাক্ত সমিধ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিয়া দক্ষিণজানু ভূপাতিত করতঃ জলাঞ্জলি গ্রহণ করিয়া মন্ত্রপাঠ সহকারে দক্ষিণাবর্তে অগ্নি পর্যুক্ষণ করিবেন। যথা—প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দঃ সবিতাদেবতা অগ্নিপর্যুক্ষণে বিনিয়োগঃ। ওঁ দেব সবিতঃ প্রসুবঃ যজ্ঞং প্রসুব যজ্ঞপতিং ভগায়। দিব্যো গন্ধর্বঃ কেতপুঃ কেতন্বঃ পুনাতু বাচস্পতির্বাচন্নঃ স্বদতু। মন্ত্রপাঠ করিয়া হস্তস্থিত জলদ্বারা অগ্নিবেষ্টন করিয়া স্থণ্ডিলের পশ্চিম হইতে পূর্বদিক পর্যন্ত মন্ত্রপাঠ সহকারে জলধারা দিবেন। যথা—প্রজাপতির্ঋষিরদিতির্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ অদিতে অন্নমংস্থা।। পুনর্বার জলাঞ্জলি গ্রহণ করিয়া মন্ত্রপাঠ সহকারে অগ্নির পশ্চিমদিকে দক্ষিণদিক হইতে উত্তরদিক পর্যন্ত জলধারা দিবেন। যথা—প্রজাপতির্ঋষিরনুমতির্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ অনুমতে অন্বমংস্থাঃ।। পুনরায় মন্ত্র সহকারে জলাঞ্জলি গ্রহণ করতঃ অগ্নির উত্তরদিকে পশ্চিমকোণ হইতে পূর্ব পর্যন্ত জলধারা দিবেন। যথা—প্রজাপতির্ঋষিঃ সরস্বতীদেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ সরস্বত্যন্বমংস্থাঃ।। অনন্তর উত্তান হস্তদ্বয় মুষ্টিবদ্ধ করিয়া প্রাদেশপ্রমাণ কতিপয় কুশ গ্রহণ করতঃ প্রতিবারই

মন্ত্রপাঠ সহকারে তিনবার কুশের অগ্র, মধ্য এবং মূলদেশ ঘৃতাক্ত করিবেন। যথা—প্রজাপতির্ঋষির্বায়োর্দেবতা দর্ভতৃণাভ্যঞ্জনে বিনিয়োগঃ। ওঁ অক্তং রিহানা ব্যন্তু বয়ঃ তিনবার বলিবে। অতঃপর ঐ কুশগুলি জলে অভ্যুক্ষণ করিয়া মন্ত্রপাঠ সহকারে আহুতি দিয়া দর্ভজুটিকা হোম করিবেন। যথা—প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দো রুদ্রোদেবতা দর্ভজুটিকাহোমে বিনিয়োগঃ। ওঁ যঃ পশূনস্মাকং মা হিংসীরেতদস্তু হুতং তব স্বাহা।। অনন্তর মৃড় নামক অগ্নির নামকরণ ও আবাহন করিয়া পূর্ণাহুতি দিবেন। যথা—ওঁ অগ্নে ত্বং মৃড়নামাসি, মৃড়নামাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি, ইহসন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মমপূজাং গৃহাণ। মন্ত্রে আবাহন করিয়া ধ্যান পাঠ করতঃ পঞ্চোপচারে পূজা করিবেন। যথা—ওঁ এষ গন্ধঃ ওঁ মৃড়নামাগ্নয়ে নমঃ, এতৎ পুষ্পম্ ওঁ মৃড়নামাগ্নয়ে নমঃ, এষ ধূপঃ ওঁ মৃড়নামাগ্নয়ে নমঃ, এষ দীপঃ ওঁ মৃড়নামাগ্নয়ে নমঃ, এতৎ হবির্নৈবেদ্যম্ ওঁ মৃড়নামাগ্নয়ে নমঃ।। অনন্তর ফলপুষ্পযুক্ত প্রচুর ঘৃত গ্রহণ করিয়া যজমান সহিত দণ্ডায়মান হইয়া শঙ্খ-ঘণ্টাদি বাদ্যসহকারে পূর্ণরূপে প্রজ্বলিত অগ্নিতে মন্ত্রপাঠ সহকারে আহুতি দিবেন। যথা—প্রজাপতির্ঋষির্বিরাড় গায়ত্রীচ্ছন্দঃ ইন্দ্রোদেবতা যশস্কামস্য যজনীয় প্রয়োগে বিনিয়োগঃ। ওঁ পূর্ণহোমং যশসে জুহোমি যোঽস্মৈ জুহোতি বরমস্মৈ দদাতি, বরং বৃণে, যশসা ভামি লোকে স্বাহা।। অনন্তর ব্রহ্মদক্ষিণার্থ পূর্ণপাত্রানুকল্প ভোজ্যোৎসর্গ করিবেন। যথা—বামহস্তে ভোজ্য ধারণ করিয়া—বং এতস্মৈ পূর্ণপাত্রানুকল্পভোজ্যায় নমঃ। মন্ত্রে কুশবারি দ্বারা শোধন করিয়া—এতে গন্ধপুষ্পে ওঁ পূর্ণপাত্রানুকল্পভোজ্যায় নমঃ। মন্ত্রে পুষ্পাদি দ্বারা অর্চনা করিয়া—এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ, সম্প্রদানায় ওঁ ব্রহ্মণে নমঃ। মন্ত্রে স্পর্শ করিয়া উৎসর্গ করিবেন। যথা—বিষ্ণুরোঁ তৎসদদ্য কার্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে

অমুকপক্ষে অমুকতিথৌ বিষ্ণুপদীসংক্রান্ত্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকীদেব্যাঃ দাস্যাঃ বা সঙ্কল্পিত কৃতৈতদ্ধোমকর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং পূর্ণপাত্রানুকল্পভোজ্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভব গোত্রনাম্নে ব্রহ্মণে অহং সম্প্রদদানি। মন্ত্রে দক্ষিণান্ত করিয়া—ওঁ চতুর্বদনসাম্নাহচতুর্বেদকুটুম্বিনে। দ্বিজানুষ্ঠেয়সৎকর্মসাক্ষিণে ব্রহ্মণে নমঃ। ওঁ ত্বমগ্নে সর্বভূতানামন্তশ্চরসি পাবক। হব্যং বহসি দেবানামতঃ শান্তিং প্রযচ্ছমে।। ওঁ পিঙ্গাক্ষ লোহিতগ্রীব প্রতাপিংশ্চ হুতাশন। সাক্ষী ত্বং পুণ্যপাপানাং ধনঞ্জয় নমোঽস্তুতে।। মন্ত্রে অগ্নিকে প্রণাম করিবেন। অনন্তর কুশবারি দ্বারা—ওঁ ব্রহ্মণ্ ক্ষমস্ব। মন্ত্রে ব্রহ্মার বিসর্জন করিবেন। তৎপরে স্থণ্ডিলের ঈশানকোণ হইতে কিঞ্চিৎ ভস্ম লইয়া মন্ত্রপাঠ সহকারে যথাযথ স্থানে তিলক ধারণ করিবেন। যথা—ললাটে—ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষম্।। কণ্ঠে—ওঁ জমদগ্নে ত্র্যায়ুষম্।। বাহুমূলে—ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষম্।। হৃদয়ে—ওঁ তন্মেঽস্তু ত্র্যায়ুষম্।। পরে—অগ্নে ত্বং সমুদ্রং গচ্ছ। মন্ত্রে জলদ্বারা অগ্নির বিসর্জন করতঃ—ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব। মন্ত্রে অগ্নির ঈশানকোণে দুগ্ধাদি দিবেন। অনন্তর দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিবেন।

দক্ষিণাবাক্য—বিষ্ণুরোঁ তৎসদদ্য কার্ত্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে অমুকপক্ষে অমুকতিথৌ বিষ্ণুপদীসংক্রান্তাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা (অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকীদেব্যাঃ দাস্যাঃ বা) মৎসঙ্কল্পিত কৃতৈতৎ শ্রীশ্রীকার্ত্তিকেয়পূজাঙ্গভূত হোমকর্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং যৎকিঞ্চিৎ কাঞ্চনমূল্যাং (রৌপ্যং, হরিতকী ফলং বা) যথাসম্ভব গোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদানি। অনন্তর অচ্ছিদ্রাবধারণ করিবেন।

অচ্ছিদ্রাবধারণ—যথা—ওঁ কৃতৈতৎ শ্রীশ্রীকার্ত্তিকেয়পূজাকর্মাঙ্গীভূতহোমকর্মাচ্ছিদ্রমস্তু। প্রতিবচন—ওঁ অস্তু। অতঃপর বৈগুণ্যসমাধান করিবেন। যথা—বিষ্ণুরোঁ তৎসদদ্য কার্ত্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ বিষ্ণুপদীসংক্রান্ত্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা (অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকীদেব্যা দাস্যাঃ বা) সঙ্কল্পিত শ্রীশ্রীকার্ত্তিকেয়পূজাঙ্গীভূতহোমকর্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণোর্নামস্মরণমহং করিষ্যে।। অতঃপর "ওঁ বিষ্ণুঃ" মন্ত্র দশবার জপ করিয়া ভগবৎ প্রণাম করিবেন। যথা—ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গো-ব্রাহ্মণ হিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ।। পরে শান্ত্যাশীর্বাদ গ্রহণ করিবেন।

হোম (যজুর্বেদীয়)—প্রথমে বালুকা দ্বারা একহাত প্রমাণ স্থণ্ডিল নির্মাণ করিয়া গোময়াদি দ্বারা শুদ্ধ করতঃ কুশবারি দ্বারা তিনবার মার্জনা করিবেন। অনন্তর স্থণ্ডিলের পূর্বাগ্রে তিনটি প্রাদেশ প্রমাণ কুশ স্থাপন করিয়া অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা তিনবার উৎকর (বালুকা) গ্রহণ করিয়া ত্যাগ করিবেন। অনন্তর কাংস্যপাত্রে অভাবে নূতন মৃৎপাত্রে অগ্নি গ্রহণ করিয়া উক্ত অগ্নি হইতে কিয়দংশ গ্রহণ করিয়া ওঁ ক্রব্যাদমগ্নিং প্রহিণোমি দূরং যমরাজ্যং গচ্ছতু রিপ্রবাহঃ। মন্ত্রে দক্ষিণদিকে ত্যাগ করিবেন। অতঃপর স্থণ্ডিলের উপর মন্ত্রপাঠ সহকারে আত্মাভিমুখে অগ্নি স্থাপন করিবেন। যথা—ওঁ ইহৈবায়মিতরো জাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্। অনন্তর করযোড়ে পাঠ্য—ওঁ সর্বতঃ পানিপাদান্ত সর্বতোঽক্ষিশিরোমুখঃ। বিশ্বরূপো মহানগ্নি প্রণীতঃ সর্বকর্মসু।। অনন্তর অগ্নির দক্ষিণে কতকগুলি পূর্বাগ্র কুশ স্থাপন করিয়া ব্রহ্মা বরণ করিবেন। যথা—বিষ্ণুরোঁ তৎসদদ্য কার্ত্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ বিষ্ণুপদীসংক্রান্ত্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা

(অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকীদেব্যাঃ দাস্যাঃ বা) সঙ্কল্পিত শ্রীশ্রীকার্ত্তিকেয়পূজাঙ্গীভূতহোমকর্মণি ব্রহ্মাকর্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্মাণং ব্রহ্মাত্বেণ ভবন্তমহং বৃণে।। ব্রহ্মা বলিবেন—ওঁ বৃতোহস্মি। কর্তা বলিবেন—যথাবিহিতং ব্রহ্মাকর্ম কুরু।। ব্রহ্মা বলিবেন—যথাজ্ঞানং করবাণি। যদি উপরোক্তরূপে বৃত ব্রাহ্মণ ব্রহ্মা না হন, তবে নারায়ণ শিলাকেই ব্রহ্মারূপে কল্পনা করিয়া হোতা—ওঁ অহে দৈধীষব্যোদতস্তিষ্ঠান্যস্য সদনে সীদ, যোহস্মাৎপাকতরঃ। মন্ত্রে নারায়ণ শিলাকে পূর্বস্থাপিত আসনে স্থাপিত করিবেন। অনন্তর উক্ত আসন হইতে একগাছি কুশ বামহস্তের অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা গ্রহণ করিয়া—ওঁ নিরস্তঃ পাপ্নাসহ তেন বয়ং দ্বিষ্ম। মন্ত্রে দক্ষিণ পশ্চিমকোণে নিক্ষেপ করিয়া মন্ত্রপাঠ করিবেন। যথা—ওঁ ইদমহং বৃহস্পতে সদনে সীদামি, প্রসবতো দেবেন সবিত্রা, তদগ্নয়ে প্রব্রবীমি, তদ্বায়বে, তৎপৃথিব্যৈ।। অনন্তর উত্তরভাগে প্রণীতাপাত্র স্থাপন করিয়া অচ্ছিন্ন কুশদ্বারা অগ্নির ঈশানকোণ হইতে দক্ষিণাবর্তে কুশ আস্তৃত করিয়া আনিয়া উত্তরে দক্ষিণদিক হইতে যথাক্রমে আবশ্যকীয় দ্রব্যসকল আসাদন করিবেন। যথা—পবিত্রচ্ছেদনার্থ কুশপত্রদ্বয়; পবিত্রদ্বয়, প্রোক্ষণীপাত্র, তিনগাছি সম্মার্জন কুশ, তিনগাছি উপযমন কুশ, প্রাদেশপ্রমাণ তিনটি সমিধ, স্রুব, ঘৃত, আতপতণ্ডুল ও পূর্ণপাত্র। এই সকল দ্রব্য আসাদন করিয়া পবিত্রচ্ছেদনার্থ পূর্বস্থাপিত প্রাদেশপ্রমাণ দুইটি কুশ লইয়া "ওঁ পবিত্রেস্থো বৈষ্ণবৌ" মন্ত্রে নখ ব্যতীত ছেদন করিয়া "ওঁ বিষ্ণোর্মনসা পূতে স্থঃ" মন্ত্রে প্রোক্ষণীপাত্রস্থ জলে অভ্যুক্ষণ করিয়া উক্ত পাত্রে স্থাপন করতঃ প্রণীতাপাত্রের কিঞ্চিৎ জল দিয়া বামহাতের উপর প্রোক্ষণীপাত্র স্থাপনপূর্বক কিঞ্চিৎ জলদ্বারা প্রোক্ষণীপাত্র

ও অন্যান্য পাত্র অভ্যুক্ষণ করিয়া প্রণীতাপাত্রের নিকট প্রোক্ষণীপাত্র স্থাপন করিবেন। অনন্তর সম্মুখে আজ্যস্থালী স্থাপন করিয়া তাহাতে পূর্বাসাদিত ঘৃত স্থাপন করিবেন। পরে স্থণ্ডিল হইতে প্রজ্বলিত অগ্নি গ্রহণ করিয়া ঈশানকোণ হইতে দক্ষিণাবর্তে তিনবার ঘৃতপাত্র বেষ্টন করিয়া স্থণ্ডিলে নিক্ষেপ করিবেন। পরে স্রুব গ্রহণ করিয়া উহা অগ্নিতে অধোমুখ প্রতপ্ত করিয়া সম্মার্জন কুশ দ্বারা স্রুবের মূল হইতে অগ্র এবং অগ্র হইতে মূল পর্যন্ত সম্মার্জন করিয়া কুশ পরিত্যাগপূর্বক প্রণীতাপাত্রস্থ জলদ্বারা অভ্যুক্ষণ করিয়া ও পূর্ববৎ প্রতপ্ত করিয়া প্রোক্ষণীপাত্রের উত্তরে স্থাপন করিবেন। পরে প্রোক্ষণীপাত্রস্থ পবিত্র গ্রহণ করিয়া ও পাত্র হইতে কিঞ্চিৎ ঘৃত উঠাইয়া মন্ত্রপাঠ করিবেন। যথা—ওঁ সবিতুস্ত্বা প্রসব উৎপুণাম্যচ্ছিদ্রেণ পবিত্রেণ বসোঃ সূর্যস্য রশ্মিভিঃ স্বাহা।। অনন্তর পূর্বসংগৃহীত প্রাদেশপ্রমাণ কুশ গ্রহণ করতঃ প্রোক্ষণীপাত্রে স্থাপন করিয়া প্রোক্ষণীপাত্র হইতে সপবিত্র জল লইয়া মন্ত্রপাঠ সহকারে অগ্নি পর্যুক্ষণ করিবেন। যথা—ওঁ এষো হ দেব প্রদিশোহনু সর্বাঃ পূর্বো হ জাতঃ স উ গর্ভেহন্তঃ স এষ জাতঃ স জনিষ্যমান প্রত্যঙ্জনাস্তিষ্ঠতি সর্বতোমুখঃ। পরে ঘৃতদ্বারা হোম করিবেন। যথা—ওঁ প্রজাপতয়ে স্বাহা, ইদং প্রজাপতয়ে। ওঁ ইন্দ্রায় স্বাহা, ইদম্ ইন্দ্রায়। ওঁ অগ্নয়ে স্বাহা, ইদমগ্নয়ে। ওঁ সোমায় স্বাহা, ইদং সোমায়। প্রত্যেক আহুতির শেষে স্রুবলগ্ন ঘৃত অগ্নির উত্তরে রক্ষিত পাত্রে রক্ষা করিবেন। অতঃপর প্রকৃত কর্ম করিবেন।

প্রকৃতকর্ম—প্রথমে সঙ্কল্প করিবেন। যথা—বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য কার্ত্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে অমুকপক্ষে অমুকতিথৌ

বিষ্ণুপদীসংক্রান্ত্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীশ্রীকার্ত্তিকেয়প্রীতিকামঃ অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকীদেব্যাঃ সঙ্কল্পিত শ্রীশ্রীকার্ত্তিকেয়পূজা-কর্ম্মাঙ্গীভূতহোমকর্ম্মণি ওঁ কাং কার্ত্তিকেয়ায় স্বাহা ইতি মন্ত্রেণ প্রত্যেকেন পঠিতেন ইয়ৎসংখ্যক (সংখ্যা উল্লেখ্য) সাজ্যবিল্বপত্রৈর্হোমমহং করিষ্যে (পরার্থে—করিষ্যামি)।। অনন্তর অগ্নির পশ্চিমে তিলমিশ্রিত ঘৃতপাত্র উত্তরাগ্র কুশোপরি স্থাপন করতঃ একটি প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত সমিধ অমন্ত্রক অগ্নিতে আহুতি দিয়া মহাব্যাহৃতিহোম করিবেন।

মহাব্যাহৃতিহোম—যথা—প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ অগ্নির্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা।। প্রজাপতির্ঋষিরুষ্ণিক্ছন্দঃ বায়ুর্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ছন্দঃ সূর্যোদেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা।। এইরূপে তিনবার আহুতি দিয়া—প্রজাপতির্ঋষিবৃহতীচ্ছন্দঃ প্রজাপতির্দেবতা ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা।। মন্ত্রে একবার আহুতি দিবেন। অনন্তর—ওঁ অগ্নে ত্বং সমুদ্ভবনামাসি। মন্ত্রে অগ্নির নামকরণ করিয়া—ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রুকেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চি শক্তিধারকঃ।। ধ্যান পাঠ করিয়া—ওঁ সমুদ্ভবনামাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি, ইহসন্নিরুধ্যস্ব, অত্রাধিষ্ঠানং কুরু, মমপূজাং গৃহাণ। মন্ত্রে আবাহন করিয়া—এষ গন্ধঃ ওঁ সমুদ্ভবনামাগ্নয়ে নমঃ, এতৎ পুষ্পম্ ওঁ সমুদ্ভবনামাগ্নয়ে নমঃ, এষ ধূপঃ ওঁ সমুদ্ভবনামাগ্নয়ে নমঃ, এষ দীপঃ ওঁ সমুদ্ভবনামাগ্নয়ে নমঃ, এতৎ হবির্নৈবেদ্যম্ ওঁ সমুদ্ভবনামাগ্নয়ে নমঃ।। মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া

সমিধের অর্চনা করিবেন। যথা—বং এতাভ্যঃ সাজ্যবিল্বপত্রেভ্যো নমঃ। ৩ বার। এতদধিপতয়ে দেবায় ব্রহ্মাবিষ্ণুশিবায় নমঃ, সম্প্রদানায় ওঁ কাং শ্রীশ্রীকার্ত্তিকেয়ায় নমঃ। অতঃপর ওঁ কাং শ্রীশ্রীকার্ত্তিকেয়ায় স্বাহা। মন্ত্রে এক একটি বিল্বপত্র ঘৃতাক্ত করিয়া হোম করিবেন। পরে মহাব্যাহৃতিহোম করিয়া প্রাদেশপ্রমাণ সমিধ ঘৃতাক্ত করিয়া অমন্ত্রক অগ্নিতে আহুতি দিবেন। হোমান্তে হুতশেষ (হাতঝাড়া) পাত্রান্তরে রক্ষা করিবেন। পরে উদীচ্যকর্ম করিবেন।

উদীচ্যকর্ম—প্রথমে ঘৃতদ্বারা মহাব্যাহৃতিহোম করিবেন। যথা—ওঁ ভূঃ স্বাহা, ইদং ভূঃ।। ওঁ ভুবঃ স্বাহা, ইদং ভুবঃ।। ওঁ স্বঃ স্বাহা, ইদং স্বঃ।। ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা, ইদং ভূর্ভুবঃস্বঃ।। অনন্তর প্রায়শ্চিত্ত হোমের সঙ্কল্প করিয়া বিধুনামক অগ্নির আবাহন করতঃ প্রায়শ্চিত্ত হোম করিবেন। যথা—বিষ্ণুরোঁ তৎসদদ্য কার্ত্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ বিষ্ণুপদীসংক্রান্ত্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কৃতেঽস্মিন্ হোমকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় তন্নো অগ্নে ইত্যাদিভিঃ পঞ্চভির্মন্ত্রৈ প্রায়শ্চিত্তহোমমহং করিষ্যে। পরে ওঁ অগ্নে ত্বং বিধুনামাসি, বিধুনামাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি ইহসন্নিরুধ্যস্ব, অত্রাধিষ্ঠানং কুরু মমপূজাং গৃহাণ। মন্ত্রে অগ্নির নামকরণ ও আবাহন করিয়া ধ্যান করতঃ পূজা করিবেন। যথা—ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রুকেশাক্ষঃ পীণাঙ্গজঠরোঽরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নি সপ্তার্চিঃ শক্তিধারকঃ এষ গন্ধঃ ওঁ বিধুনামাগ্নয়ে নমঃ।। এতৎ পুষ্পম্ ওঁ বিধুনামাগ্নয়ে নমঃ, এষ ধূপঃ ওঁ বিধুনামাগ্নয়ে নমঃ, এষ দীপঃ ওঁ বিধুনামাগ্নয়ে নমঃ, এতৎ

৬ হবির্নৈবেদ্যম্ ওঁ বিধুনামাগ্নয়ে নমঃ॥ অনন্তর পাঁচটি মন্ত্রে প্রায়শ্চিত্ত হোম করিবেন। যথা—বামদেবঋষিরনুষ্টুপ্‌ছন্দোঽগ্নিবরুণৌদেবতে প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ তন্নোঽগ্নে বরুণস্য বিদ্বান্ দেবস্য হেড়ো অব যাসীসীষ্ঠাঃ যজিষ্ঠো বহ্নিতমঃ শোশুচানো বিশ্বান্দেবান্ প্রমুমুগ্ধস্মৎ স্বাহা। ইদমগ্নিবরুণাভ্যাম্॥ ১॥ বামদেবঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দোঽগ্নিবরুণৌদেবতে প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ স তন্নোঽগ্নেঽবসো ভবোতী, নেদিষ্ঠো অস্যা উষসো ব্যুষ্ঠৌ। অব যক্ষ নো বরুণগুঁ বরানো ব্রীহি মৃড়ীকগুঁ সুহবো নো এধি স্বাহা। ইদমগ্নিবরুণাভ্যাম্॥ ২॥ ওঁ প্রজাপতির্ঋষিবৃহতীচ্ছন্দোঽগ্নির্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ অয়শ্চাগ্নেঽস্যনভিশস্তিপাশ্চ, সত্যমিত্ব ময়া অসি। অয়া নো যজ্ঞং বহাস্যয়া নো ধেহি ভেষজগুঁ স্বাহা। ইদমগ্নয়ে ॥ ৩॥ শুনঃশেফঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দো বরুণাদয়োদেবতাঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ যে তে শতং বরুণং যে সহস্রং যজ্ঞিয়াঃ পাশা বিততা মহান্তঃ। তেভির্নো অদ্য সবিতোত বিষ্ণুর্বিশ্বে মুঞ্চন্ত মরুতঃ স্বর্কাঃ স্বাহা। ইদং বরুণায়, সবিত্রে, বিষ্ণবে, বিশ্বেভ্যো দেবেভ্যো মরুদ্ভ্যঃ স্বর্কেভ্যঃ ॥ ৪॥ শুনঃশেষঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দো বরুণোদেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ উদুত্তমং বরুণপাশমস্মদবাধমং বিমধ্বমগুঁ শ্রথায়। অথা বয়মাদিত্যব্রতে তবানাগসোঽদিতয়ে স্যাম স্বাহা। ইদং বরুণায় ॥ ৫॥ অনন্তর নবগ্রহ হোম করিবেন।

নবগ্রহ হোম—রবিগ্রহ—ওঁ আকৃষ্ণেন রজসা বর্তমানো নিবেশয়ন্নমৃতং মর্তঞ্চ। হিরণ্যয়েন সবিতা রথেনা দেবো যাতি ভুবনানি পশ্যন্ স্বাহা। ইদং রবিগ্রহায় ॥ ১॥ **সোমগ্রহ**—ওঁ ইমং দেবা অসপত্নগুঁ সুবধ্বং, মহতে ক্ষত্রায়, মহতে জ্যৈষ্ঠায়, মহতে জ্ঞানরাজ্যয়েন্দ্রস্যেন্দ্রিয়ায়।

৬ ইমমমুস্যপুত্রমমুস্যৈ পুত্রমস্যৈ বিশ, এধ বোঽমী রাজা সোমোঽস্মাকং ব্রাহ্মণানাগুঁ রাজা স্বাহা॥ ইদং সোমগ্রহায় ॥ ২॥ মঙ্গলগ্রহ—"ওঁ অগ্নির্মূর্ধা দিবঃ ককুৎপতিঃ পৃথিব্যা অয়ম্। অপাং রেতাগুঁসি জিন্বতি স্বাহা॥ ইদং মঙ্গলগ্রহায় ॥ ৩॥ **বুধগ্রহ**—ওঁ উদ্‌বুধ্যস্বাগ্নে প্রতিজাগৃহি ত্বমিষ্টাপূর্তে সগুঁসৃজেথাময়ঞ্চ। অস্মিন্ সধস্থে অধ্যুত্তরস্মিন্ বিশ্বেদেবা যজমানস্য সীদত স্বাহা॥ ইদং বুধগ্রহায় ॥ ৪॥ **বৃহস্পতিগ্রহ**—ওঁ বৃহস্পতে অতি যদর্য্যো অর্হাদ দ্যুমদ্বিভাতি ক্রতুমজ্জনেষু। যদ্দীদয়চ্ছব ঋত প্রজাত তদস্মাষু দ্রবিণং ধেহি চিত্রগুঁ স্বাহা॥ ইদং বৃহস্পতিগ্রহায় ॥ ৫॥ **শুক্রগ্রহ**—ওঁ অন্নাৎ পরিস্রুতো রসং ব্রহ্মণা ব্যাপিবৎ, ক্ষেত্রং পয়ঃ সোমং প্রজাপতিঃ। ঋতেন সত্যমিন্দ্রিয়ম্, বিপাণগুঁ শুক্রমন্ধসং ইন্দ্রস্যেন্দ্রিয়মিদং পয়োঽমৃতং মধু স্বাহা॥ ইদং শুক্রগ্রহায় ॥ ৬॥ **শনিগ্রহ**—ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে, আপো ভবন্ত পীতয়ে। শং যোরভি স্রুবন্ত নঃ স্বাহা॥ ইদং শনিগ্রহায় ॥ ৭॥ **রাহুগ্রহ**—ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তি পরুষ পরুষস্পরি। এবা নো দূর্বে প্রতনু, সহস্রেণ শতেন চ স্বাহা, ইদং রাহুগ্রহায়॥ ৮॥ **কেতুগ্রহ**—ওঁ কেতুং কৃণ্বন্নকেতবে, পেশোমর্যা অপেশসে। সমুসদ্ভিরজায়থাঃ স্বাহা॥ ইদং কেতুগ্রহায় ॥ ৯॥ পরে দিক্‌পালহোম করিবেন।

দিক্‌পালহোম—ইন্দ্র—ওঁ ত্রাতারমিন্দ্রমবিতারমিন্দ্রগুঁ হবে হবে সুহবগুঁ শূরমিন্দ্রম্। হ্বয়ামি শক্রং পুরুহূতমিন্দ্রগুঁ, স্বস্তি নো মঘবা ধাত্বিন্দ্রঃ স্বাহা॥ ইদমিন্দ্রায়॥ **অগ্নি**—ওঁ বৈশ্বানরো ন উতয়ে, আ প্রয়াতু পরাবতঃ। অগ্নিং রুক্‌থেন বাহসা স্বাহা॥ ইদমগ্নয়ে॥ **যম**—ওঁ অসি যমো

অস্যাদিত্যো অর্বন্নসি, ত্রিতো গুহ্যেন ব্রতেন। অসি সোমেন সময়া বিপৃক্ত আহুস্তে ত্রীণিদিবি বন্ধনানি স্বাহা।। ইদং যমায়।। **নৈর্ঋত**—ওঁ যন্তে দেবী নির্ঋতিরাববন্ধ, পাশং গ্রীবাস্ববিচ্যতাম্। তন্তে বিষ্যাম্যয়ুযা ন মধ্যাদথৈতং পিতুমুদ্ধি প্রসূতঃ স্বাহা।। ইদং নির্ঋতয়ে।। **বরুণ**—ওঁ বরুণস্যোত্তম্ভনমসি। বরুণস্য স্কম্ভ সর্জ্জনীস্থঃ। বরুণস্য ঋতসদন্যসি। বরুণস্য ঋতসদনমসি। বরুণস্য ঋতসদনমাসীদ স্বাহা। ইদং বরুণায়।। **বায়ু**—ওঁ বাত আ বাতু ভেষজং শম্ভু ময়োভু নো হৃদে। প্র ণ আয়ুগুঁসি তারিষৎ স্বাহা।। ইদং বায়বে।। **কুবের**—ওঁ কুবিদঙ্গ যবমন্তো যবঞ্চিদ্ যবমাদধু যথা দান্ত্যনুপূর্বং বিয়ুয়। ইহেহৈষাং কৃণুহি ভোজনানি, যে বর্হিযো মম উক্তিং যজন্ত স্বাহা।। ইদং কুবেরায়।। **ঈশান**—ওঁ তমীশানং জগতস্তস্থুষস্পতিং ধিয়ঞ্জিন্বমবসে হুমহে বয়ম্। পুষা নো যথা বেদসামসদ্ বৃধে, রক্ষিতা পায়ুরদব্ধ স্বস্তয়ে স্বাহা।। ইদমীশানায়।। **ব্রহ্মা**—ওঁ আ ব্রহ্মণ ব্রাহ্মণেন ব্রহ্মবর্চসী জায়তা মা রাষ্ট্রে রাজন্যঃ শূর ইষব্যোঽতিব্যাধী মলারথো জায়তাং দোগ্ধ্রী ধেনুর্বোঢ়াঽনাড়াবাশুঃ সপ্তিঃ পুরন্ধির্যোষা জিষ্ণু রথেঠাং সভয়ো যুবাঽস্য বীয়ো রায়তাঃ নিকামে নিকামে নঃ পর্জন্যো বর্যতু, ফলবতো ন ওযধয় পচ্যন্তাং যোগক্ষেমে কল্পতাগুঁ স্বাহা।। ইদং ব্রহ্মণে ।। **অনন্ত**—নমোঽস্তু সর্পেভ্যো যে কে চ পৃথিবীমনু। যে অন্তরীক্ষে যে দিবি তেভ্যো সর্বেভ্যো নমঃ স্বাহা।। ইদমনন্তায়।। অতঃপর প্রত্যক্ষদেবতার হোম করিবেন।

প্রত্যক্ষদেবতা হোম—(সামবেদীয় প্রত্যক্ষদেবতার হোম দ্রষ্টব্য) অতঃপর একটি ঘৃতাক্ত সমিধ অগ্নিতে নিক্ষেপ করতঃ মৃড়নামক অগ্নির

আবাহন করিয়া পূর্ণাহুতি দিবেন। যথা—ওঁ অগ্নে ত্বং মৃড়নামাসি, ওঁ মৃড়নামাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি ইহসন্নিরুধ্বস্ব, অত্রাধিষ্ঠানং কুরু, মমপূজাং গৃহাণ।। মন্ত্রে আবাহন করিয়া ধ্যান পাঠ করতঃ পঞ্চোপচারে পূজা করিবেন। যথা—এষ গন্ধঃ ওঁ মৃড়নামাগ্নয়ে নমঃ, এতৎ পুষ্পম্ ওঁ মৃড়নামাগ্নয়ে নমঃ, এষ ধূপঃ ওঁ মৃড়নামাগ্নয়ে নমঃ,এষ দীপঃ ওঁ মৃড়নামাগ্নয়ে নমঃ, ইদং হবির্নৈবেদ্যম্ ওঁ মৃড়নামাগ্নয়ে নমঃ।। ইহার পর ফলপুষ্পযুক্ত প্রচুর ঘৃত গ্রহণ করিয়া যজমানসহিত দণ্ডায়মান হইয়া শঙ্খঘণ্টাদি বাদ্যসহকারে পূর্ণরূপে প্রজ্বলিত অগ্নিতে আহুতি দিবেন। যথা—ওঁ মূর্দ্ধানং দিবো আরতিং পৃথিব্যা বৈশ্বানর মৃত আজাতমগ্নিম্। কবিগুঁ সম্রাজমতিথিং জানানামাসন্না পাত্রং জনয়ন্ত দেবা স্বাহা।। অনন্তর ব্রহ্মদক্ষিণার্থ পূর্ণপাত্রানুকল্পভোজ্যোৎসর্গ করিবেন। যথা—বামহস্তে ভোজ্য ধারণ করিয়া—বং এতস্মৈ পূর্ণপাত্রানুকল্পভোজ্যায় নমঃ। মন্ত্রে তিনবার কুশবারিদ্বারা শোধন করিয়া—এতে গন্ধপুষ্পে ওঁ পূর্ণপাত্রানুকল্পভোজ্যায় নমঃ। মন্ত্রে পুষ্পাদি দ্বারা অর্চনা করিয়া—এতদধিপতয়ে দেবায় বিষ্ণবে নমঃ। মন্ত্রে উৎসর্গ করিয়া উৎসর্গ বাক্য পাঠ করিবেন। যথা—বিষ্ণুরোঁ তৎসদদ্য কার্ত্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ বিষ্ণুপদীসংক্রান্ত্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা অমুকীগোত্রায়াঃ শ্রীঅমুকদেব্যা কৃতৈতৎ শ্রীশ্রীকার্ত্তিকেয়-পূজাঙ্গীভূতহোমকর্মসাঙ্গতার্থং দক্ষিণামিদং পূর্ণপাত্রানুকল্পভোজ্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভব গোত্রনাম্নে ব্রহ্মণে অহং সম্প্রদদে। মন্ত্রে উৎসর্গ করিয়া—ওঁ চতুর্বদনসদ্মস্থ চতুর্বেদকুটুম্বিনে। দ্বিজানুষ্ঠেয় সৎকর্ম সাক্ষিণে ব্রহ্মণে নমঃ।। ওঁ ত্বমগ্নে সর্বভূতানামন্তশ্চরসি পাবক। হব্যং বহতু

দেবানামতঃ শান্তিঃ প্রযচ্ছমে।। ওঁ পিঙ্গাক্ষ লোহিতগ্রীব প্রতাপিংশ্চ হুতাশন। সাক্ষী ত্বং পুণ্যপাপাণাং ধনঞ্জয় নমোঽস্তুতে।। মন্ত্রে অগ্নিকে প্রণাম করিবেন। অনন্তর কুশবারি দ্বারা "ওঁ ব্রহ্মাণ ক্ষমস্ব" মন্ত্রে ব্রহ্মার বিসর্জন করিবেন। অনন্তর "ওঁ অগ্নে ত্বং সমুদ্রং গচ্ছ" মন্ত্রে দুগ্ধ দ্বারা অগ্নির বিসর্জন করতঃ "ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব" মন্ত্রে অগ্নির ঈশানকোণে দুগ্ধাদি দিবেন। তৎপরে স্থণ্ডিলের ঈশানকোণ হইতে কিঞ্চিৎ ভস্ম লইয়া মন্ত্রপাঠ সহকারে যথাযথ স্থানে তিলকধারণ করিবেন। যথা—**ললাটে**—ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষম্। **কণ্ঠে**—ওঁ জমদগ্নেস্ত্র্যায়ুষম্। **বাহুমূলে**—ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষম্।। **হৃদয়ে**—ওঁ তন্মেঽস্তু ত্র্যায়ুষম্।। অনন্তর দক্ষিণান্ত করিবেন।

দক্ষিণান্ত—বিষ্ণুরোঁ তৎসদদ্য কার্ত্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ বিষ্ণুপদীসংক্রান্ত্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকগোত্রায়া শ্রীঅমুকদেব্যাঃ সঙ্কল্পিত কৃতৈতৎ শ্রীশ্রীকার্ত্তিকেয়পূজাঙ্গীভূত হোমকর্মপ্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং যৎকিঞ্চিৎ কাঞ্চনমূল্যং অনুকল্পং (রৌপ্যখণ্ডং হরিতকী ফলং বা) যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে।। অনন্তর অচ্ছিদ্রাবধারণ করিবেন।

অচ্ছিদ্রাবধারণ—যথা—ওঁ কৃতৈতৎ শ্রীশ্রীকার্ত্তিকেয় পূজাকর্মাঙ্গীভূতহোমকর্মাচ্ছিদ্রমস্তু।।

বৈগুণ্যসমাধান—বিষ্ণুরোঁ তৎসদদ্য কার্ত্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ বিষ্ণুপদীসংক্রান্ত্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা কৃতেঽস্মিন্ শ্রীশ্রীকার্ত্তিকেয়পূজাঙ্গীভূত হোমকর্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষ প্রশমনায় শ্রীবিষ্ণোর্নাম স্মরণমহং করিষ্যে।

অতঃপর "ওঁ বিষ্ণু" মন্ত্র দশবার জপ করিয়া ভগবৎ প্রণাম করিবেন।

ভগবৎ প্রণাম—যথা—ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গো-ব্রাহ্মণ হিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ।। ইতি—যজুর্বেদীহোম প্রয়োগ।।

অথ কার্ত্তিকেয় ব্রতকথা—বাসুদেবঃ সমায়াতং নারদং মুনিসত্তমম্। সম্পূজ্য বিধিবদ্ভক্ত্যা প্রপচ্ছ বিনয়ান্বিতঃ।। বাসুদেব উবাচ।। দেবক্যাশ্চ সুতা জাতা যে যে কংসেন তে হতাঃ। অধুনাস্যাঃ কুমারশ্চ কেনোপায়েন সত্তম। চিরজীবী যথা চ স্যাৎ তদব্রূহি যদি রোচতে।। নারদ উবাচ।। পুরাসীৎ সুভগো বিপ্রো ধার্মিকশ্চ দৃঢ়ব্রতঃ। তস্যাসীদ্দক্ষিণা পর্বী ধর্মজ্ঞা প্রিয়বাদিনী। দম্পতি পুত্রদুঃখেন দুঃখিতৌ তৌ বভূবতুঃ।। ততশ্চ সুভগো বিপ্রো দুঃখিত প্রযযৌ বনম্। পত্যুর্বে দক্ষিণা পশ্চাৎ দুঃখিতা চ জগাম সা।। ফলমূলঞ্চ ভুক্তা তৌ গচ্ছেতাং দিবসত্রয়ম্। ততো বিপ্রঃ সভার্যশ্চ সংদদর্শ সরোবরম্।। তত্তীরেষ্টদলং পদ্মং নির্মায় প্রতিমাং শুভাম্। ধান্যাঙ্কুরান্বিতে দেশে প্রকুর্বন্তি স্ত্রিয়োব্রতম্।। তদ্দৃষ্ট্বা দক্ষিণাদেবী প্রপচ্ছ বিনয়ান্বিতা। মাতরঃ কিং প্রকুর্বন্তি তৎ সর্বং কথ্যতাং ময়ি।। কার্ত্তিকেয়ব্রতমিতি প্রত্যুচুঃ শ্রুত্বা হৃষ্টমানসাঃ।। দক্ষিণা তদ্বচঃ শ্রুত্বা পুনঃ প্রপচ্ছ সাদরম্। কিং ফলং কিং বিধানঞ্চ সর্বং ব্রূহি মমাগ্রতঃ।। বৃশ্চিকস্য তু সংক্রান্ত্যাং পুত্রকামা ব্রতং চরেৎ। ধান্যাঙ্কুরান্বিতে দেশে গুণ্ডিকাভির্বিচিত্রিতে। তন্মধ্যেঽষ্টদলং পদ্মং সৌবর্ণীং প্রতিমাং শুভাম্। রাজতীং বাপি তাম্রীং বা মৃন্ময়ীং বা প্রযত্নতঃ। কার্ত্তিকেয়াকৃতিং সাধ্বী সমারোপ্য ঘটং তথা। গণেশং বাসুদেবঞ্চ ব্রহ্মাণাঞ্চ মহেশ্বরম্। গৌরীং লক্ষ্মীং তথ্য বাণীং লোকপালান্ নবগ্রহান্। ময়ূরঞ্চ সমভ্যর্চ্য ধ্যায়েৎ স্কন্দং যথাবিধি। ধ্যাত্বা

সংপূজ্য নৈবেদ্যৈর্দাদ্যন্মৌর্বীং গুণান্বিতম্।। লৌহখড়্গং প্রযত্নেন দদ্যাচ্চৈব বরাননে। প্রহরে প্রহরে পূজা কথাশ্রবণপূর্বিকা।। স্বায়ংকালে সমারভ্য প্রাতঃকালে বিসর্জয়েৎ। বাদ্যঞ্চ বিবিধং কৃত্বা কার্ত্তিকেয়ং প্রপূজয়েৎ।। গীতনৃত্যৈর্নিশাং নীত্বা ন কিঞ্চিদপি ভক্ষয়েৎ। বর্ষচতুষ্টয়ং কৃত্বা ব্রতোদযাপনমাচরেৎ।। সৌবর্ণীং রাজতীঞ্চৈব তামীঞ্চৈব বিশেষতঃ। লৌহশক্তিঞ্চ জোজ্যানি রবিসংখ্যানি যত্নতঃ।। দদ্যাৎ বস্ত্রীং প্রযত্নেন ডল্লকানাং চতুষ্টয়ম্। এতদ্ ব্রতঞ্চ যা নারী করোতি ধর্মতৎপরা।। পুত্রপৌত্রান্বিতা ভূত্বা পরত্রেহ চ মোদতে। পুত্রদঃ কার্ত্তিকেয়ো বৈ নান্যো দেব কথঞ্চন।। কৈবল্যদো যথা বিষ্ণুঃ জ্ঞানদশ্চ যথা শিবঃ। আরোগ্যদো যথা সূর্যস্তথা স্কন্দঃ সুতপ্রদঃ।। ততস্তাসাং বচঃ শ্রুত্বা জগ্মুস্তষ্টা নিজং গৃহম্। চকার বিধিনা তেন দক্ষিণা ব্রতমুত্তমম্।। ততো ব্রতপ্রসাদেন পুত্রপৌত্রান্বিতা ভবেৎ। এতদ্ ব্রতঞ্চ পরমং দুর্লভং ভুবনত্রয়ং।। এবমুক্তা মুনীশ্রেষ্ঠো জগাম আশ্রম্ প্রতি। কৃত্বা ব্রতং দেবকী চ শ্রীকৃষ্ণং লভতে সুতম্।। ইতি স্কন্দপুরাণে কার্ত্তিকেয় ব্রতকথা সমাপ্তম্।।

পুষ্পাঞ্জলি মন্ত্র—কার্ত্তিকেয় মহাভাগ গৌরিহৃদয় নন্দন। দেব সেনাপতি শ্রীমন্ বাঞ্ছিতার্থঞ্চ দেহি মে ।। ১।। কার্ত্তিকেয় মহাভাগ পার্বতী প্রিয়নন্দন। ভবস্তু তৎপ্রসাদেন ধনধান্যাদি সম্পদঃ।। ২।। রুদ্রপুত্র নমস্তভ্যং তারকান্তর প্রভো। বাঞ্ছিতার্থঞ্চ দেহি মে কার্ত্তিকেয় নমোঽস্ততে ।। ৩।।

প্রণাম মন্ত্র—কার্ত্তিকেয় মহাভাগ দৈত্যদর্পনিসূদন। প্রণতোঽহং মহাবাহো নমস্তে শিখিবাহন।।

প্রশস্তিবন্ধন—বিসর্জনের পরে গৃহে আসিয়া নারায়ণশিলা অবলম্বনে সেই সেই বেদের অধিবাস মন্ত্রের দ্বারা প্রত্যেকের ললাটে অধিবাসের দ্রব্যগুলি উল্লেখ করিয়া এবং প্রত্যেক ব্যক্তির নাম উল্লেখ করিয়া—অনেন অস্য মঙ্গলম্ অস্তু। যথা—**সামবেদীয় মহীমন্ত্র**—ওঁ মহিত্রীণাম্ ইত্যাদি নারায়ণে মহীস্পর্শ করাইয়া, অনয়া মহ্যা অস্য শ্রীমতঃ অমুকদেবশর্মণঃ শুভমস্তু ইত্যাদি।

প্রশস্তিবন্ধনের পরে যজমানের বেদের শান্তিমন্ত্র তিনবার পাঠ করিয়া তিনবার পঞ্চপল্লব দিয়া ঘটের জল দ্বারা মস্তকে ছিটা দিবে।

সামবেদীয় শান্তিমন্ত্র—কয়ানশ্চিত্র ইত্যস্য বামদেবঋষির্গায়ত্রীচ্ছন্দঃ ইন্দ্রোদেবতা শান্তিকর্মণি জপে বিনিয়োগঃ। ওঁ কয়ানশ্চিত্র আভুব দূতী সদা বৃধঃ সখা। কয়া শচিষ্টয়া বৃতা।। ওঁ কস্ত্বা সত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদ্ অন্ধসঃ। দৃঢ়া চিদারুজে বসু।। ওঁ অভীষুণঃ সখীনাম্ অবিতা জরিতৃণাম্। শতং ভবাঃ সূতয়ে।। এই মন্ত্র তিনবার বলিয়া বলিবে—ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।। তাহার পর পরের মন্ত্রটি তিনবার বলিবে—ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি ন পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু।। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।।

যজুর্বেদীয় শান্তিমন্ত্র—ওঁ ঋচং বাচং প্রপদ্যে, মনো যজুঃ প্রপদ্যে, সামপ্রাণং প্রপদ্যে, চক্ষুঃ শ্রোত্রং প্রপদ্যে, রাগো যঃ সহজো ময়ি। প্রাণাপাণৌ যন্মে, ছিদ্রং চক্ষুযোর্ হৃদয়স্য ব্যতিতীর্ণং, বৃহস্পতির্ মে দধাতু শন্নো ভবতু ভুবনস্য যস্পতিঃ।। ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা ইত্যাদি।। প্রত্যেকটি মন্ত্র তিনবার বলিবে।

ঋগ্‌বেদীয় শান্তিমন্ত্র—ওঁ সদ্দলী পাবয়ন্তে তন্মুঞ্চয়ন্তি বচো যথা। আভ্যাবন্তং যমাবন্ত যত্র বেদম্ ইতি ব্রুবন্। যায়া কেতুং পুরস্পৃহং ভারতী ব্রহ্মবর্ধিনী। সঞ্জনানাম্ অভিহিতো যত্র বেদম্ ইতি ব্রুবন্। ইন্দ্রস্ ত্বং কিং বিভুঃ প্রভুর্ ভানুনায় সরস্বতীম্। তেন সূর্যম্ অরোচয়ৎ যেনেমে রোদসি উভে। জুষস্বাগ্নে আঙ্গিরসঃ কাণ্বম্ মেধাতিথিম্ আত্মা। সোমস্য ববৃহৎ শোত স্যুর্ মধ্যমোত্তমঃ। জুষস্বাগ্নে আঙ্গিরসঃ শোতস্যুদ্যৈ বরিতমঃ। অশান্তম্ আশান্তম্ অভি শংতে স্বস্তিম্ অকুর্বতঃ। শন্ নঃ কনিকৃদন্ দেব পর্জন্যোহভিবর্ষতু। ওষধয়ঃ প্রদীপয়ন্তাং শন্নোদ্যাবা পৃথিবী শং প্রজাভ্যঃ শন্নোহস্তু দ্বিপদে শং চতুষ্পদে।। ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ ইত্যাদি।। প্রত্যেকটি মন্ত্র তিনবার বলিয়া তিনবার শান্তিজল দিবে। ইতি ত্রিবেদীয় শান্তিমন্ত্র।।

॥ শ্রীশ্রীকার্ত্তিক পূজাপদ্ধতি সমাপ্তম্ ॥